



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ

যথাযথ ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩। দিবসটি উপলক্ষে সকাল ৯:০০ টায় জাতির সূর্যসন্তান ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে প্রভাত ফেরি সহকারে বিশ্ববিদ্যালয় পরিবার বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে এসে সমবেত হন। পরে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়াসহ বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর পুষ্পস্তবক অর্পণে অংশ নেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন বিভাগ, ববিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন। এদিকে দিবসটির তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক আলোচনা সভার আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১১ টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভাষা সৈনিক এবং শহিদ বুদ্ধিজীবী চিকিৎসক ডা. এ এফ এম আবদুল আলীম চৌধুরীর কন্যা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চক্ষুবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডা. নুজহাত চৌধুরী। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেনের সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, আইন অনুষদের ডিন সুপ্রভাত হালদার, প্রক্টর ড. খোরশেদ আলম, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অসীম কুমার নন্দী, শিক্ষক সমিতির কার্যনির্বাহী সদস্য হোসেনয়ারা ডালিয়া এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক রিফাত মাহমুদ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়